# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযানের সিয়াম ফরয হওয়ার পর এখন একজন ব্যক্তির জন্য আশুরার সিয়াম পালন করা বা না করার এখতিয়ার রয়েছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ مُخَيَّرٌ فِي صِيَامِهِ يَوْمَ عَاشُورَاءَ بَعْدَ صَوْمِهِ رَمَضَانَ

---

আরবী

3614 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدٍ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (يوم عاشوراء يَوْمٌ كَانَتْ تَصُومُهُ أَهْلُ الْجَاهِلِيَّةِ فَمَنْ أَحَبَّ مِنْكُمْ أَنْ يَصُومَهُ فَلْيَصُمْهُ وَمَنْ كَرِهَهُ فَلْيَدَعْهُ)

الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3614 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) ـ أيضاً ـ (2111): ق.

বাংলা

৩৬১৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার সিয়াম সম্পর্কে বলেছেন, “আশুরার দিন এমন একটি দিন, যাতে জাহেলী যুগের লোকেরাও সিয়াম রাখতো। কাজেই তোমাদের মধ্যে যে যে ব্যক্তি এই সিয়াম রাখতে ভালবাসে, সে যেন এই সিয়াম রাখে আর যে এটা রাখতে চায় না, সে যেন তা ছেড়ে দেয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৫; সহীহুল বুখারী: ৪৫০১; মুসলিম: ১১২৬; আবূ দাউদ: ২৪৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৮২; সুনান বাইহাকী: ২/২৮৯; দারেমী: ২/২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৪৮; তাহাবী: ২/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২১১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92950

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন